

3 (Sem-1/CBCS) BEN HC 2

2 0 1 9

BENGALI

(Honours)

Paper : BEN-HC-1026

(প্রাগাধুনিক সাহিত্য পাঠ-২)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো :

১×১২=১২

(ক) “চন্দন চান্দে'র মাঝে মৃগমদ _____ ।

তার মাঝে হিয়ার পুতলি রৈল বাহা ॥”

শূন্যস্থানের শব্দটি হলো—বাহা/ধাহা/বিহা/শুহা ।

(খ) “দূতর পছ- গমন ধনি সাধয়ে

মন্দিরে যামিনী জাগি ॥”

এখানে ‘দূতর’ শব্দটির অর্থ হচ্ছে—

দূর/দুই স্তর/দূত/দুস্তর ।

(গ) “মেঘ-যামিনী অতি ঘন আন্ধিয়ার ।” পদটি “বৈষ্ণব

পদাবলী’র যে পর্যায়ের অন্তর্ভুক্ত সেটি হলো—

গৌরান্দ-বিষয়ক পদ/পূর্বরাগ/অভিসার/মাথুর ।

- (ঘ) “ কেন হেন হৈল গোরা বুদ্ধিতে না পারি ।
_____ কহে নিছনি লৈয়া মরি ॥”
শূন্যস্থানের শব্দটি হলো—
জ্ঞানদাস/গোবিন্দদাস/কবি/পদকর্তা ।
- (ঙ) “আমি তারে স্বপ্ন কব তার মাতৃবেশে ।
অষ্টাহ গীতের উপদেশ সবিশেষে ॥”
‘অষ্টাহ’ শব্দটির অর্থ হলো—
আটদিন/অষ্টপ্রহর/আটজন/আটশজন ।
- (চ) “সেই আজ্ঞামত রাজা কৃষ্ণচন্দ্র রায় ।
_____ পূজা করি তরিল সে দায় ॥”
শূন্যস্থানের শব্দটি হচ্ছে—অন্নদা/অন্নপূর্ণা/দেবী/শিব ।
- (ছ) “শ্রীপর্বতে ডানি কণ্ঠ ফেলিলেন হরি ।
ভৈরব সুন্দরানন্দ দেবতা সুন্দরী ॥”
‘শ্রীপর্বত’ হচ্ছে— পাঞ্জাব/মথুরা/কাশ্মীর/বৃন্দাবন ।
- (জ) “জননীর আশে যাবে পিতৃবাসে
ভাজে দিবে সদা তাড়া ।”
এই উক্তিটির বক্তা হচ্ছেন—
শিব/জয়া/মেনকা/ব্যাসদেব ।
- (ঝ) “_____ রামপ্রসাদ কয়, এ দুঃখ কি প্রাণে সয়,
শিব শ্মশানে মশানে ফিরে, ঘরের ভাবনা ভাবে না ।”
শূন্যস্থানের শব্দটি হচ্ছে—
কবি/দ্বিজ/সেন/পূর্বোক্ত তিনটির কোনোটিই নয় ।

- (ঞ) “আর শুন অসম্ভব-চারিদিকে শিবা-রব হে !”
এখানে ‘শিবা’ শব্দটির অর্থ হলো—
কাক/শকুন/কুকুর/শিয়াল ।
- (ট) “শুনেছি দারুণ তুমি, না রাখ সতের মান ।”
এখানে ‘তুমি’ বলতে বোঝানো হয়েছে—
শিবকে/নবমী-নিশিকে/হিমালয়কে/মেনকাকে ।
- (ঠ) “এইখানে দাঁড়াও _____, বারেক দাঁড়াও মা ।”
শূন্যস্থানের শব্দটি হলো—মা/বাছা/উমা/মাগো ।

২। সংক্ষেপে উত্তর দাও :

২×৯=১৮

- (ক) “ কোথায় পরাণনাথ বলি খেণে কান্দে ।
পূরব বিরহ-স্বরে থির নাহি বান্ধে ॥”
পংক্তি দুটি কোন্ পদকর্তার পদ থেকে নেওয়া হয়েছে ?
পদটি ‘বৈষ্ণব পদাবলী’র কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত ?
- (খ) “রূপে ভরল দিষ্টি”
উক্তিটি কার সম্পর্কে করা হয়েছে ? ‘দিষ্টি’ শব্দটির
মানে কী ?
- (গ) “লছিমী চাহিতে দারিদ্র্য বেড়ল
মানিক হারানু হেলে ।”
‘লছিমী’ শব্দটির অর্থ লেখো । ‘মানিক’ বলতে এখানে
কাকে বোঝানো হয়েছে ?
- (ঘ) ‘অন্নদামঙ্গল’ কাব্যে শিবের বিবাহযাত্রায় পুরোহিত ও
বরকর্তা কারা ছিলেন, লেখো ।

- (ঙ) “কৃষ্ণচন্দ্রে দুই পক্ষ সদা জ্যোৎস্নাময়।”
এখানে ‘কৃষ্ণচন্দ্র’ ও ‘দুই পক্ষ’ বলতে কবি কী বোঝাতে চেয়েছেন, লেখো।
- (চ) “নিছনি করিতে গেনু লয়ে তৈল কুড়।
সাপে খেয়েছিল প্রায় বাঁচালে গরুড়॥”
‘নিছনি’ কী? এখানে কাকে সাপে খেতে চেয়েছিল?
- (ছ) “আমি কি হেরিলাম নিশি-স্বপনে!”
পদটির পদকর্তা কে? ‘আমি’ বলতে এখানে কাকে বোঝানো হয়েছে?
- (জ) “যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয়—”
উক্তিটির বক্তা কে? এখানে ‘মৃত্যুঞ্জয়’ বলতে কার কথা বলা হয়েছে?
- (ঝ) “ফিরে চাও গো উমা, তোমার বিধুমুখ হেরি;”
পদটি ‘শাক্ত পদাবলী’র কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত? পদটির রচয়িতা কে?

৩। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো (যে কোনো চারটি) :

৫×৪=২০

- (ক) চঞ্চল চরণ- কমল-তলে ঝঙ্কর
ভকত-ভ্রমরগণ ভোর।
পরিমলে লুবধ সুরাসুর ধাবই
অহনিশি রহত অগোর॥

- (খ) নাগর-সঙ্গে রঙ্গে যব বিলসই
কুঞ্জ শতালি ভুজ পাশে।
কানু কানু করি রোয়ই সুন্দরী
দারুণ বিরহ-হতাশে॥
- (গ) তোমার শাশুড়ী বলি যম নাহি লয়।
আমারে কাহারে দিবা কহ দয়াময়॥
- (ঘ) জান তো জামাতার রীত, সদাই পাগলের মত,
পরিধান বাঘাম্বর, শিরে জটাভার।
আপনি শ্মশানে ফিরে, সঙ্গে লোয়ে যায় তাঁরে
কত আছে কপালে উমার॥
- (ঙ) তনয়া পরের ধন, বুঝিয়া না বুঝে মন,
হায় হায়, একি বিড়ম্বনা বিধাতার॥
- ৪। (ক) ‘বৈষ্ণব পদাবলী’ সাহিত্যে অভিসার বলতে কী বোঝানো হয়েছে? তোমার পঠিত অভিসার পর্যায়ের পদ দুটি অবলম্বনে পদকর্তাদের কাব্য-কৃতিত্বের পরিমাপ করো।

৪+৬=১০

অথবা

- (খ) ‘রূপ লাগি আঁখি বুঝে’ পদটি ‘বৈষ্ণব পদাবলী’র কোন্ পর্যায়ের অন্তর্গত? সেই পর্যায় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।

১+৪+৫=১০

- ৫। (ক) 'অন্নদামঙ্গল' কাব্যে তৎকালীন সমাজ-জীবন যেভাবে প্রতিফলিত হয়েছে তোমার পঠিত অংশ অবলম্বনে তা পর্যালোচনা করো।

১০

অথবা

- (খ) 'অন্নদামঙ্গল' কাব্যের তোমার পঠিত অংশ অবলম্বনে চরিত্র-চিত্রণে ভারতচন্দ্রের প্রতিভার পরিচয় দাও।

- ৬। (ক) 'শাক্ত পদাবলী' বলতে কী বোঝ? শাক্ত পদাবলীর আগমনী পর্যায়ের পদ রচনায় রামপ্রসাদের কৃতিত্বের পরিমাপ করো।

৩+৭=১০

অথবা

- (খ) 'শাক্ত পদাবলী'র বিজয়া পর্যায়ের বাঙালি জীবনের যে প্রতিচ্ছবি ধরা পড়েছে তোমার পঠিত পদ অবলম্বনে সে বিষয়ে আলোচনা করো।

১০

★ ★ ★